গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচি-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং- ৫১.০০.০০০০.৪২১.৯৯.০৭২.২২.৫৬৭

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩৩ / ০৪ আগস্ট ২০২৬

**বিষয়ঃ ‘প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট’ সফল আয়োজনের লক্ষ্যে মাঠ নির্বাচন এবং প্রয়োজনীয় সংস্কারের ব্যয় প্রাক্কলন (Estimate) প্রেরণ।**

উপযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ‘প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট’ দ্রুততম সময়ের মধ্যে আয়োজিত হতে যাচ্ছে। উল্লিখিত ফুটবল টুর্নামেন্ট সুষ্ঠু, বর্ণাঢ্য ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে দেশের প্রতিটি উপজেলা হতে অগ্রাধিকার ভিত্তিতে ৪ (চার) টি করে উপযুক্ত খেলার মাঠ বাছাই/নির্বাচন করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, উক্ত মাঠ বাছাই/নির্বাচনপূর্বক সেখানে কোনো সংস্কার বা আনুষঙ্গিক উন্নয়নমূলক কাজের প্রয়োজন থাকলে, তার সুনির্দিষ্ট বিবরণসহ বিস্তারিত ব্যয় প্রাক্কলন (Estimate) আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪/০৮/২০২৬


(আরিফ ফয়সাল খান)
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)
ফোন: +৮৮০১৯২৪৭৯৪৬১৭
reliefsection01@gmail.com


জেলা প্রশাসক, (সকল)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা
(দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা)
drro.comilla.gov.bd

**স্মারক নম্বর ৫১.০১.১৯০০.০২৫.১৮.০০৯.২৬.৬১৬**

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩৩ / ০৪ আগস্ট ২০২৬

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ০৪/০৮/২০২৬ তারিখের ৫৬৭ নম্বর স্মারক পত্রের মর্মানুসারে ‘প্রাইম মিনিস্টার্স গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট’ সফলভাবে আয়োজনের লক্ষ্যে খেলার মাঠ বাছাই/নির্বাচনপূর্বক সংস্কার বা আনুষঙ্গিক উন্নয়নমূলক কাজের সুনির্দিষ্ট বিবরণসহ ব্যয় প্রাক্কলন আগামী ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪/৮/২০২৬


**মোহাম্মদ আবেদ আলী**
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
কুমিল্লা
ফোন: ০২৩৩৪৪০০৩৩১
মোবাইল: ০১৭০০-৭১৬৬৯৯
drrocomilla@ddm.gov.bd


**১. উপজেলা নির্বাহী অফিসার,.................................(সকল), কুমিল্লা**
**২. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,....................(সকল), কুমিল্লা**